

-ঃ সংবাদ বিজ্ঞপ্তি ঃ-

ঘূর্ণিঝড় ‘ইয়াস’ এ ক্ষতিগ্রস্ত সমুদ্র উপকূলীয় প্রত্যন্ত এলাকায় বাংলাদেশ নৌবাহিনীর খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান

ঢাকা, ২৭ মে ২০২১ঃ ঘূর্ণিঝড় ‘ইয়াস’ এ ক্ষতিগ্রস্ত সমুদ্র উপকূলীয় প্রত্যন্ত এলাকার অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান শুরু করেছে বাংলাদেশ নৌবাহিনী। আজ বৃহস্পতিবার (২৭-০৫-২০২১) নৌবাহিনী জাহাজ অদম্য নোয়াখালীর হাতিয়া উপজেলার নলচিড়া ঘাট ও ভোলার মনপুরায় ক্ষতিগ্রস্ত ৬০০ পরিবারের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান করে। অন্যদিকে নৌবাহিনী জাহাজ অপরাজেয় কক্সবাজার জেলার পেকুয়া উপজেলার বেড়িবাঁধ সংলগ্ন এলাকায় বসবাসকারী ক্ষতিগ্রস্ত ৪০০ পরিবারের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান করে।

এছাড়া খুলনা নৌঅঞ্চল হতে দাকোপ উপজেলার বানিয়াশালি ইউনিয়নের পূর্ব ডাংমারী ও রিখামারী এলাকার ক্ষতিগ্রস্ত ৩০০ পরিবার এবং মংলাস্থ ফ্লোটিলা ওয়েস্ট এর তত্ত্বাবধানে রামপাল উপজেলাধীন হরকা ইউনিয়ন পরিষদ, উত্তর হরকা ও তৎসংলগ্ন এলাকার ক্ষতিগ্রস্ত ৩০০ পরিবারের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। নৌবাহিনী ঘাঁটি শের-ই-বাংলা থেকে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার লালুয়া, ছনখোলা, বানাতিপাড়া, চরপাড়া এলাকার ১০০০ পরিবারের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। জরুরী খাদ্য সহায়তা হিসেবে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে চাল, ডাল, চিনি, তেল, আটা, ছোলা ও লবণসহ বিভিন্ন সামগ্রী প্রদান করা হয়। উল্লেখ্য, ঘূর্ণিঝড় ‘ইয়াস’ এ ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে পরিস্থিতি উন্নতি না হওয়া পর্যন্ত নৌবাহিনীর এই সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে।



ঘূর্ণিঝড় 'ইয়াস' এ ক্ষতিগ্রস্ত সমুদ্র উপকূলীয় বৃহস্পতিবার (২৭-০৫-২০২১) নোয়াখালীর হাতিয়া উপজেলার নলচিড়া ঘাঁট প্রত্যন্ত এলাকার অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান শুরু করেছে নৌবাহিনী।
ছবি: আইএসপিআর



ঘূর্ণিঝড় 'ইয়াস' এ ক্ষতিগ্রস্ত সমুদ্র উপকূলীয় বৃহস্পতিবার (২৭-০৫-২০২১) খুলনা নৌঅঞ্চল হতে দাকোপ উপজেলার বানিয়াশান্তা ইউনিয়নের পূর্ব ডাংমারী ও রিখামারী এলাকার অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান শুরু করেছে নৌবাহিনী।

ছবি: আইএসপিআর



ঘূর্ণিঝড় 'ইয়াস' এ ক্ষতিগ্রস্ত সমুদ্র উপকূলীয় বৃহস্পতিবার (২৭-০৫-২০২১) নোয়াখালীর হাতিয়া উপজেলার নলচিড়া ঘাঁট প্রত্যন্ত এলাকার অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান শুরু করেছে নৌবাহিনী। ছবি: আইএসপিআর